

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৬৬

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি কুরবানী করার আগে মাথা মুন্ডন করে তাকে কুরবানী করার নির্দেশ আর যে ব্যক্তি কঙ্কর নিষ্ক্ষেপের আগে কুরবানী করে, তাকে কঙ্কর নিষ্ক্ষেপ করার নির্দেশ এবং এটাতে কোন ক্ষতি নেই মর্মে বর্ণনা

ذَكَرُ الْأَمْرِ بِالذَّبْحِ وَالرَّمْيِ لِمَنْ قَدَّمَ الْحَلْقَ وَالنَّحْرَ عَلَيْهِمَا مَعَ اسْقَاطِ الْحَرْجِ عَنْ فَاعِلِ ذَلِكَ

আরবী

3866 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانَ الطَّائِيُّ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عَيْسَى بْنِ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: وَقَفَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَجَّةِ الْوَدَاعِ بِمِنَى لِلنَّاسِ يَسْأَلُونَهُ فَجَاءَهُ رَجُلٌ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ لَمْ أَشْعُرْ فَحَلَقْتُ قَبْلَ أَنْ أُذْبِحَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اِذْبَحْ وَلَا حَرْجَ) فَجَاءَهُ رَجُلٌ آخَرَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ لَمْ أَشْعُرْ فَنَحَرْتُ قَبْلَ أَنْ أُرْمِيَ فَقَالَ: (ارْمِ وَلَا حَرْجَ) فَمَا سُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ شَيْءٍ قَدَّمَ وَلَا آخَرَ إِلَّا قَالَ: (افْعَلْ وَلَا حَرْجَ)

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3866 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1758): ق.

বাংলা

৩৮৬৬. আব্দুল্লাহ বিন আমর রাহিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “বিদায় হজে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিনায় লোকদের উদ্দেশ্যে দাঁড়ান। লোকজন তাঁকে প্রশ্ন করছিলেন। অতঃপর এক ব্যক্তি এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি বুঝতে পারি নাই ফলে আমি কুরবানী করার আগে মাথা মুন্ডন করেছি।” তিনি জবাবে বলেন, “কুরবানী করো। কোন ক্ষতি নেই।”

তারপর আরেক ব্যক্তি এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি বুঝতে পারি নাই

ফলে আমি কঙ্কর নিষ্ক্ষেপ করার আগে কুরবানী করেছি।” তিনি জবাবে বলেন, “কঙ্কর নিষ্ক্ষেপ করো। কোন ক্ষতি নেই।”

রাবী বলেন, “সেদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অগ্র-পশ্চাত করা সম্পর্কে যা কিছু জিজ্ঞেস করা হয়েছে, তিনি জবাবে বলেছেন, “এখন করো। কোন ক্ষতি নেই।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৪২১; ইমাম শাফেঈ: ১/৩৭৮; মুসনাদ আহমাদ: ২/১৯২; দারেমী: ২/৬৪-৬৫; সহীহ বুখারী: ৮৩; সহীহ মুসলিম: ১৩০৬; তাহাবী: ২/২৩৭; সুনান বাইহাকী: ৫/১৪০-১৪১; দারেমী: ২/৬৪; হুমাইদী: ৫৮০; তিরমিযী: ৯১৬; ইবনুমাজাহ: ৩০৫১; ইবনুল জারুদ: ৪৮৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭৫৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93205>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন